**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
***Website: www.bb.org.bd***

**ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৬**

**তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০ / ৩০ নভেম্বর ২০২৩**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।**

**প্রিয় মহোদয়,**

**দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ফাইন্যান্স কোম্পানি হতে ঋণ খেলাপী সংক্রান্ত তথ্য সংকলন ও সরবরাহ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৮ নভেম্বর ২০২৩ তারিখে জারিকৃত পরিপত্র নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.০৯.০০২.১৯.১৬০ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত পরিপত্রে বর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোঃ আসাদুজ্জামান খান)
পরিচালক (ডিএফআইএম)
ফানঃ ৯৫৩০১৭৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও প্রণোদনা শাখা
www.fid.gov.bd

সর্বোচ্চ অগ্রাধিকার

নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.০৯.০০২.১৯.১৬০

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০
২৮ নভেম্বর ২০২৩

**পরিপত্র**

বিষয়: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ব্যাংকের ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সংকলন ও সরবরাহ সংক্রান্ত।

The Representation of the People Order,1972 এর Article 12 অনুসারে জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে ঋণ খেলাপ সংক্রান্ত নিম্নোক্ত বিধানাবলী রহিয়াছে :

"12(1) ……….. a person shall be disqualified for election as or for being, a member, if he

**** **** **** ****

(l) Being a loanee, other than a loanee who has taken small loan for agricultural purposes, has defaulted in repaying before seven days from the day of submission of nomination paper any loan or an instalment thereof taken by him from a bank;

(m) is a director of a company or a partner of a firm who has defaulted in repaying before the day of submission of a nomination paper any loan or an instalment thereof taken by him from a bank;

**** **** **** ****

**Explation III.** "**B**ank" means -

**(i)** Any "bank company" as defined in Bank Company Act, 1991 (Act No. XIV of 1991) ব্যাংক কোম্পানী আইন ২০২৩ এর সংশোধনীসহ (২০২৩ সনের ১৩ নং আইন);

**(ii)** Bangladesh Development Bank Limited incorporated under the Companies Act. 1994 (Act No. 18 of 1994);

**(iii)**"Bangladesh House Building Finance Corporation" established under Bangladesh House Building Finance Corporation Order, 1973, (P.O.No.7 of 1973) এবং (Bangladesh House Building Finance Corporation Order,1973) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত Bangladesh House Building Finance Corporation (Amendment) Act, 2021 (২০২১ সনের ২৫ নং আইনসহ);

**(iv)** "Bangladesh Krishi Bank" established under Bangladesh Krishi Bank Order, 1973 (P.O. No. 27 of 1973);

**(v)** "Investment Corporation of Bangladesh (ICB)" established under Investment Corporation of Bangladesh Ordinance, 1976) (Ord. No.XI of 1976) (সংশোধিত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ সহ);

**(vi)** "Rajshahi Krishi Unnayan Bank" established under Rajshahi Krishi Unnayan Bank Ordinance, 1986) (Ord. No. LVIII of 1986) (Rajshahi Krishi Unnayan Bank Ordinance, 1986 এর বিষয়বস্তু বিবেচনাক্রমে উহা

পরিমার্জনপূর্বক নূতন আইনসহ (২০১৪ সনের ১৯ নং আইন);

**(vii)** "Basic Bank Limited" (Bangladesh Small Industries and Commerce Bank Limited) established under Companies Act, 1994 (Act No. XVIII of 1994 {কোম্পানী (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২০ সহ} (বা.জা.স. বিল নং-২৩/২০২০) ;

**(viii)** "Probashi Kallyan Bank" established under Probashi Kallyan Bank Act. 2010. (২০১০ সনের ৫৫নং আইন)।

**Explanation IV. -** "small loan for agricultural purposes" means all crops loan excepting tea and tobacco and includes short-term loan for development of fishery and marketing of agricultural produce and long-term loan for irrigation equipment, animal husbandry, development of fishery, agricultural equipment, nursery and horticulture, betel-leaf planation, management of Jalmahal and for the purpose of producing silk worm, tuth tree, lakhkha tree, catechu tree etc. the amount of which shall not exceed taka one lakh aggregating with interest and capital against every loan.

**Explanation V. -** A person or a company or a firm shall be deemed to have defaulted in repaying a loan or an instalment thereof referred to in sub-clauses (l) and (m) of Article 12(1) if he or it is a defaulter with in the meaning of the expression 'defaulter loanee' as defined in Bank Company Act 1991 (Act 14 of 1991) and for financial institution, as defined by Bangladesh Bank under Financial Institutions Act 1993 (Act No. 27 of 1993). The list of defaulter may be obtained from CIB of Bangladesh Bank or from the concerned bank or financial institution.

**Explanation VI. -** "financial institution" means a non-banking financial institution as defined in Financial Institutions Act, 1993 (Act No. 27 of 1993).

০২। উপরি-উল্লিখিত বিষয়ে প্রণিধানযোগ্য যে, Representation of the People Order,1972 কে "গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২" নামে বাংলা পাঠ এসআরও আকারে প্রজ্ঞাপন জারি করা হয়েছে (এসআরও নং-২৩৫/আইন/২০২১)। কাজের সুবিধার্থে উল্লিখিত বিধানের বাংলা পাঠ এতদসঙ্গে সংযুক্ত করা হলো। তবে আদেশের ৯৪ক অনুচ্ছেদে বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে, ইংরেজি পাঠ প্রাধান্য পাওয়ার বিধান রহিয়াছে।

০৩। এতদপ্রেক্ষিতে কোন ব্যাক্তি উপরে বর্ণিত Representation of the People Order,1972 এর Article 12 এর clause (1) এর sub-clause (l) এর বিধান [কোন ব্যক্তি কৃষি কাজের জন্য গৃহীত ক্ষুদ্র কৃষি ঋণ ব্যতীত, মনোনয়ন পত্র জমা দেওয়ার তারিখের পূর্বে কোন ব্যাংক হইতে গৃহীত কোন ঋণ বা ঋণের কোন কিস্তি পরিশোধে খেলাপী হইয়া থাকিলে, তিনি নির্বাচনে প্রার্থী হওয়ার ক্ষেত্রে অযোগ্য হইবেন] ও Article 12 clause (1) এর sub-clause (m) এর বিধান [কোন ব্যক্তি যদি এমন কোন কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন যা কোন ব্যাংক হইতে গৃহীত কোন ঋণ বা ঋণের কোন কিস্তি তাঁহার মনোনয়ন পত্র জমা দেওয়ার তারিখের পূর্বে পরিশোধে খেলাপী হইলে, তিনি নির্বাচনে প্রার্থী হওয়ার ক্ষেত্রে অযোগ্য হইবেন] এবং এর ব্যাখ্যা III, IV, V, VI এর বিধান সাপেক্ষে-

(ক) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) দ্বারা সংজ্ঞায়িত দেনাদার (loanee) হিসাবে;

(খ) আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর আওতায় এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংজ্ঞায়িত দেনাদার (loanee) হিসাবে;

(গ) কোম্পানীর পরিচালক হিসাবে;

(ঘ) ফার্মের অংশীদার হিসাবে ; কিংবা

(ঙ) অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ (২০০৩ সনের ৮নং আইন) দ্বারা সংজ্ঞায়িত কোন আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হিসাবে,

কোন ব্যাংক, বিশেষায়িত ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণের অর্থ বা উক্ত ঋণের কোন কিস্তি পরিশোধে খেলাপী হইয়া থাকিলে, গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ১২ এর দফা (১) অনুযায়ী সংসদের সদস্য নির্বাচিত হইবার অথবা সংসদ সদস্য থাকিবার অযোগ্য হইবেন।

০৪। যদি কেহ কোন ঋণ খেলাপী কোম্পানী/ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/ফার্ম/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক পদ হইতে পদত্যাগ করেন, তাহা হইলে ইহা বৈধ বলিয়া গণ্য হইবে না যতক্ষণ পর্যন্ত না ব্যাংক কোম্পানী আইনের সংশ্লিষ্ট বিধানের অধীন এবং ক্ষেত্রমতে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট

ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সম্মতিক্রমে উক্ত পরিবর্তন রেজিস্ট্রার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক গৃহীত হইয়া সংশ্লিষ্ট দলিলাদি সংশোধন করা হইবে।

০৫। ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য মনোনয়ন পত্র বাছাইয়ের দিন কিংবা তৎপূর্বে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে প্রদান করিতে হইবে। এই ব্যাপারে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে ঃ

(ক) সংশ্লিষ্ট সকল ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ এই সংক্রান্ত আইন ও উহার ব্যাখ্যা, Article 12 এর clause (1) এর sub clause(l) এবং Article 12 clause (1) এর sub-clause(m) অনুসারে সকল হিসাব হালনাগাদ করিয়া খেলাপী ঋণ গ্রহীতাদের একটি তালিকা প্রস্তুত করিবেন;

(খ) শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত অথবা অন্য কোন উৎস হইতে প্রাপ্ত প্রার্থীদের তালিকার সহিত শাখাসমূহে হালনাগাদকৃত খেলাপী ঋণ গ্রহীতার তালিকা মিলাইয়া দেখিবেন এবং তাঁহার শাখাভূক্ত কোন ঋণ খেলাপী প্রার্থী হইয়াছেন কিনা উহা নিশ্চিত হইবেন;

(গ) সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ মনোনয়ন পত্র দাখিলের পর পরই রিটার্নিং অফিসারের নিকট হইতে প্রার্থীদের (পিতা/মাতা/স্বামীর নাম ও ঠিকানাসহ) তালিকা সংগ্রহ করিবেন এবং প্রার্থীদের ঋণ খেলাপ সম্পর্কিত তথ্যসহ উহার এক প্রস্থ ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সিইও/ব্যবস্থাপনা পরিচালক এর নিকট বিশেষ দূত মারফত/ফ্যাক্স/ই-মেইলযোগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন;

(ঘ) কোন খেলাপী ঋণ গ্রহীতা মনোনয়ন পত্র দাখিল করিয়া থাকিলে সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ অনতিবিলম্বে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন; এবং

(ঙ) রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়ন পত্র বাছাইয়ের সময় সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য ও কাগজপত্রসহ উপস্থিত থাকিবেন।

০৬। যে সকল প্রার্থী নিজস্ব নির্বাচনী এলাকার পরিবর্তে অন্যত্র ব্যাংক হিসাব অথবা ঋণ হিসাব পরিচালনা করিয়া আসিতেছেন, তাঁহাদের ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য নিম্নোক্ত পদ্ধতিতে সংরক্ষণ ও সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে সরবরাহ করিতে হইবে :

(ক) প্রার্থীদের একটি তালিকা নির্বাচন কমিশন/সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট হইতে সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সিইও/ব্যবস্থাপনা পরিচালক বিশেষ দূত মারফত সংগ্রহ করিবেন;

(খ) তালিকা প্রাপ্তির সাথে সাথে সিইও/ব্যবস্থাপনা পরিচালক ইতোমধ্যে হালনাগাদকৃত খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকার সহিত উহা মিলাইয়া দেখিবার ব্যবস্থা করিবেন এবং পুনঃযাচাই করিয়া ঋণ খেলাপের তথ্যসহ তালিকার এক প্রস্থ করিয়া বিশেষ দূত মারফত/ফ্যাক্স/ই-মেইলযোগে নির্বাচন কমিশন, বাংলাদেশ ব্যাংক(সিআইবি) ও ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন;

(গ) সকল সিইও/ব্যবস্থাপনা পরিচালক হইতে পুনঃযাচাইকৃত তথ্য পাওয়ার পর ঋণ খেলাপ সম্পর্কিত তথ্যসহ তালিকা সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রদান করবেন। ইহা ব্যতীত নির্বাচন কমিশন সচিবালয়ের অবগতির জন্যও উক্ত তালিকার এক প্রস্থ বিশেষ দূত মারফত/ফ্যাক্স/ই-মেইলযোগে প্রেরণ করিবেন;

(ঘ) বাংলাদেশ ব্যাংকের "ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB)" সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারগণের এবং নির্বাচন কমিশনের নিকট প্রার্থীগণের ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরাসরি/বাহক মারফত/ফ্যাক্স/ই-মেইলযোগে প্রদান/প্রেরণ করিবেন।

০৭। ঋণ খেলাপ সম্পর্কিত তথ্যের নির্ভুলতার সম্পূর্ণ দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তার উপর বর্তাইবে। ভুল তথ্য পরিবেশন কিংবা ঋণ খেলাপ সম্পর্কিত তথ্য উপস্থাপনে ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

০৮। সকল ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন হইতে উহা বাছাই সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সময়কাল (সরকারি/সাপ্তাহিক ছুটি এবং অফিস সময়ের পরে হলেও) ক্ষেত্রমতে নিজ নিজ দপ্তরে/রিটার্নিং অফিসারের দপ্তরে উপস্থিত থাকিবেন এবং রিটার্নিং অফিসার কোন তথ্য কিংবা সহায়তা চাহিলে তাহা প্রদান করিবেন।

২৮-১১-২০২৩
মোঃ শাহ আলম
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৫৪৮
ফ্যাক্স: ৯৫১৩৫০০
ইমেইল: js.audit@fid.gov.bd

বিতরণ : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা (সকল রাষ্ট্রমালিকানাধীন ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও লীজিং কোম্পানিসহ সংশ্লিষ্ট সকলকে এ পরিপত্র মোতাবেক ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সংকলন ও রিটার্নিং অফিসারের নিকট

২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

৩) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন (সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারগণকে এই পরিপত্র মোতাবেক ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সংকলনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হইল)।

৫) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম (অধীনস্থ সকল জেলা প্রশাসককে অবহিত করার অনুরোধসহ)।

৬) নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

৭) জেলা প্রশাসক (সকল)

৮) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা (বিশেষ দূত মারফত অবিলম্বে এ পরিপত্রের একটি অনুলিপি তাঁর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের অনুরোধসহ)।

৯) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক/বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড/প্রবাসী কল্যাণ ব্যাংক/আইসিবি/বিএইচবিএফসি/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী (বিশেষ দূত মারফত অবিলম্বে এ পরিপত্রের একটি অনুলিপি তাঁর ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থ

১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১) সিনিয়র প্রিন্সিপাল অফিসার, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এ পরিপত্রটি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।